

🖪 আল-হিজর | Al-Hijr | ٱلْجِجْر

আয়াতঃ ১৫:৩৩

া আরবি মূল আয়াত:

قَالَ لَم اَكُن لِآسجُدَ لِبَشَرٍ خَلَقتَهُ مِن صَلَصَالٍ مِّن حَمَا مَّسنُونٍ

সে বলল, 'আমি তো এমন নই যে, একজন মানুষকে আমি সিজদা করব, যাকে আপনি সৃষ্টি করেছেন শুকনো ঠনঠনে কালচে মাটি থেকে'। — আল-বায়ান

ইবলীস বলল, 'আমার কাজ নয় মানুষকে সাজদাহ্ করা যাকে তুমি পচা কর্দমের ঠনঠনে গাড়া থেকে সৃষ্টি করেছ।' — তাইসিরুল

সে উত্তরে বললঃ ছাঁচে ঢালা শুষ্ক ঠনঠনে মৃত্তিকা হতে যে মানুষ আপনি সৃষ্টি করেছেন, আমি তাকে সাজদাহ করার নই। — মুজিবুর রহমান

He said, "Never would I prostrate to a human whom You created out of clay from an altered black mud." — Sahih International

৩৩. সে বলল, আপনি গন্ধযুক্ত কাদার শুষ্ক ঠনঠনে কালচে মাটি হতে যে মানুষ সৃষ্টি করেছেন আমি তাকে সিজদা করার করার নই।

তাফসীরে জাকারিয়া

(৩৩) সে (উত্তরে) বলল, 'কালো পচা শুষ্ক ঠনঠনে মাটি হতে যে মানুষ তুমি সৃষ্টি করেছ, আমি তাকে সিজদা করবার নই।' [1]

[1] শয়তান তার সিজদা করতে অস্বীকার করার কারণ দর্শাল যে, আদম মাটির তৈরী মানুষ। যার অর্থ মানুষকে মানুষ হিসাবে তুচ্ছজ্ঞান করা হল শয়তানী দর্শন; যা হকপন্থীদের আকীদা হতে পারে না। এই জন্য হকপন্থীগণ নবীগণের মানুষ হওয়ার কথা অস্বীকার করেন না। কারণ তাঁদের মানুষ হওয়ার কথা কুরআন পরিষ্কারভাবে উল্লেখ করেছে। তাছাড়া তাদের মানুষ হওয়াতে তাঁদের মর্যাদা ক্ষুপ্প হয় না এবং সম্মানে কোন পার্থক্যও আসে না।

তাফসীরে আহসানুল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1835

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন